

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয় ঢাকা
www.mos.gov.bd


নথি নং-১৮.০২২.১২০.০১৪.০০২.২০১৪-৮৫

তারিখঃ ১৩/০৪/২০১৭খ্রিঃ

বিষয় : বিআইডব্লিউটিসি কর্তৃক নিজস্ব অর্থে বাস্তবায়নাধীন “ বিআইডব্লিউটিসি’র পুরাতন ডাম্ব ফেরি প্রতিস্থাপনকল্পে দু’টি উন্নত মানের কে-টাইপ ফেরি নির্মাণ” শীর্ষক প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

গত ২৮/০৩/২০১৭ তারিখে অনুষ্ঠিত নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন বিআইডব্লিউটিসি কর্তৃক নিজস্ব অর্থে বাস্তবায়নাধীন “বিআইডব্লিউটিসি’র পুরাতন ডাম্ব ফেরি প্রতিস্থাপনকল্পে দু’টি উন্নত মানের কে-টাইপ ফেরি নির্মাণ” শীর্ষক প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি ২ (দুই) পাতা।


১৬/০৪/২০১৭

সীমা রানী ধর
সহকারী প্রধান
ফোনঃ-৯৫১৪৪৭৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃঃ আঃ মহা-পরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ)।
- ২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
- ৩। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
- ৪। বিভাগ প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
(দৃঃ আঃ যুগ্ম-প্রধান, রেলপরিবহন উইং)।
- ৫। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলি হাউজ, ২৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা-১২১৭।
- ৬। প্রকল্প পরিচালক, “বিআইডব্লিউটিসি’র পুরাতন ডাম্ব ফেরি প্রতিস্থাপনকল্পে দুটি উন্নতমানের কে-টাইপ ফেরি নির্মাণ” শীর্ষক প্রকল্প, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, ২৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা-১২১৭।

অনুলিপি :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ✓ ২। প্রোগ্রামার, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাকে কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

পরিকল্পনা-৩ শাখা

বিষয় : বিআইডব্লিউটিসি কর্তৃক নিজস্ব অর্থে বাস্তবায়নাধীন “বিআইডব্লিউটিসি’র পুরাতন ডাম্ব ফেরি প্রতিস্থাপনকল্পে দু’টি উন্নত মানের কে-টাইপ ফেরি নির্মাণ” শীর্ষক প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব অশোক মাধব রায়
সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
সভার তারিখ : ২৮/০৩/২০১৭
সময় : সকাল ১১.০০
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।

২.১। উপস্থাপনঃ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি যুগ্ম-প্রধানকে আলোচ্যসূচি অনুযায়ী বক্তব্য উপস্থাপনের অনুরোধ জানান। যুগ্ম-প্রধান সভায় জানান যে, “বিআইডব্লিউটিসি’র পুরাতন ডাম্ব ফেরি প্রতিস্থাপনকল্পে দু’টি উন্নত মানের কে-টাইপ ফেরি নির্মাণ” শীর্ষক প্রকল্পটি বিআইডব্লিউটিসি’র নিজস্ব অর্থে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৩১.৬৭ কোটি টাকা এবং বাস্তবায়ন মেয়াদকাল জুলাই, ২০১৫ হতে জুন, ২০১৭ পর্যন্ত। প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছে মাওয়া ফেরি সেক্টরে নিরাপদ যাত্রী ও যানবাহন পারাপার করা। উক্ত প্রকল্পের দু’টি ফেরি নির্মাণের কার্যাদেশ ইতোমধ্যে প্রদান করা হয়েছে কিন্তু কাজের অগ্রগতি আশানুরূপ নয় বিধায় উক্ত প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।

২.২। আলোচনাঃ সভায় বিআইডব্লিউটিসি’র প্রতিনিধি জানান যে, প্রকল্পভুক্ত ফেরি ২টি নির্মাণের জন্য গত ০৮/০২/২০১৬ তারিখে মেসার্স থ্রী-এ্যাপেল মেরিং লিঃ এবং কুমিল্লা শিপ বিল্ডার্স লিঃ (Joint Venture) এর সাথে বিআইডব্লিউটিসি’র চুক্তি স্বাক্ষরিত হয়। ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত ফেরি দু’টির নির্মাণ কাজের ৪৭% বাস্তব অগ্রগতি অর্জিত হয়েছে। চুক্তি মোতাবেক পরবর্তী ১৬ মাস অর্থাৎ জুন, ২০১৭ এর মধ্যে ফেরি দু’টির নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার তারিখ নির্ধারিত আছে। নির্মাণাধীন ২টি উন্নতমানের কে-টাইপ ফেরির নির্মাণ কাজ International Classification Society Bureau Veritas (BV) এর তত্ত্বাবধানে তৈরির জন্য নির্মাতা প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়। পরবর্তীতে নির্মাতা প্রতিষ্ঠানের পক্ষ হতে জানানো হয়, নিয়োজিত Classification Society Bureau Veritas (BV) এর তত্ত্বাবধানে কাজ করতে তারা কিছু সমস্যার সম্মুখীন হচ্ছে। নির্মাতা প্রতিষ্ঠানের পক্ষ হতে ফেরির ডিজাইন Approval Process ধীর গতি ও Classification Society (BV) এর সহযোগিতা না পাওয়ার কথা উল্লেখ করা হয়। এ কারণে Classification Society পরিবর্তনের জন্য নির্মাতা প্রতিষ্ঠান প্রস্তাব করেছে। এ পর্যায়ে পরিকল্পনা কমিশনের প্রতিনিধি বলেন যে, চুক্তি অনুযায়ী ফেরি দু’টি জুন ২০১৭ এ হস্তান্তরের কথা কিন্তু বিআইডব্লিউটিসি এর প্রস্তাব মোতাবেক একবছর সময় বৃদ্ধি প্রয়োজন হবে। এই এক বছর সময় বৃদ্ধির কারণে বিআইডব্লিউটিসি তথা রাষ্ট্রের যে ক্ষতি হবে এর দায়ভার কে নেবে। তদুপরি এ দেশের জনগণ ১ বছর উক্ত ফেরির সেবা হতে বঞ্চিত হবে এর দায় দায়িত্ব নির্ধারণ করা প্রয়োজন। সভায় Classification Society নিয়োগের বিষয়টি সংস্থা পর্যায়ে না রেখে নির্মাতা প্রতিষ্ঠানকে কেন দেয়া হয়েছে এ বিষয়ে যৌক্তিকতা জানতে চাইলে বিআইডব্লিউটিসি হতে জানানো হয় যে, প্রচলিত নিয়মের ধারবাহিকতায় উক্ত জাহাজ দু’টি নির্মাণের জন্য Classification Society নিয়োগের বিষয়টি নির্মাতা প্রতিষ্ঠান কর্তৃক নিয়োগের ব্যবস্থা রাখা হয়েছে। সভায় ভবিষ্যতে Classification Society নির্মাতা প্রতিষ্ঠান কর্তৃক নিয়োগ করা যাবেনা এবং এটি সংস্থা কর্তৃক নিয়োগ করার বিষয়ে একমত পোষণ করা হয়। এছাড়া সভায় Bureau Veritas কেন কাজ করতে পারেনি এবং নির্মাতা প্রতিষ্ঠান এবং Bureau Veritas মধ্যে কি বিরোধ ছিল এবং এ বিষয়ে কেন যথাযথ কতৃপক্ষকে যথাসময়ে অবহিত করা হয়নি সে বিষয়ে প্রতিবেদন প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়।


২৫

২.৩। বিআইডব্লিউটিসি প্রতিনিধি সভায় জানান যে, ইতোমধ্যে বিআইডব্লিউটিসি কর্তৃক Classification Society পরিবর্তন করে অন্য Classification Society, RINA এর তত্ত্বাবধানে জাহাজটি তৈরির অনুমোদন প্রদান করা হয়েছে। Classification Society (VB) এর সময় ক্ষেপণের কারণে ড্রইং Approval বিলম্ব হয় এবং নির্মাণ কাজও বিলম্ব হয়। ফেরি দু'টির মেইন ইঞ্জিন ও জেনারেটর সেট এর চুক্তি মোতাবেক Pre Shipment Inspection (PSI) এখনও সম্পন্ন হয়নি। এপ্রিল, ২০১৭ মাসের মধ্যে মোইন ইঞ্জিন ও জেনারেটর সেট এর Pre Shipment Inspection (PSI) সম্পন্ন হবে। ফলশ্রুতিতে ফেরি দু'টির নির্মাণ কাজ সম্পন্ন করতে ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত সময় প্রয়োজন। এর পর টেস্ট-ট্রায়াল ও টেক ওভার করতে আরও ২ মাস সময় লাগবে। অর্থাৎ চূড়ান্তভাবে ফেরি দু'টি হস্তান্তরের জন্য আগামী মার্চ, ২০১৮ পর্যন্ত সময় প্রয়োজন। সভায় প্রকল্পটি আর কখনোই মেয়াদ না বাড়ানোর শর্তে জুন, ২০১৭ হতে জুন, ২০১৮ পর্যন্ত ১ (এক) বছর বৃদ্ধির প্রস্তাবের বিষয়ে একমত পোষণ করা হয়। এছাড়া প্রকল্পটির মনিটরিং কার্যক্রম জোরদার করার বিষয়ে একমত পোষণ করা হয়।

০৩। সিদ্ধান্ত/সুপারিশ : বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

- ৩.১। বিআইডব্লিউটিসি কর্তৃক নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন “বিআইডব্লিউটিসি’র পুরাতন ডাম্ব ফেরি প্রতিস্থাপনকল্পে দু’টি উন্নত মানের কে-টাইপ ফেরি নির্মাণ” শীর্ষক প্রকল্পটি আর কখনোই মেয়াদ না বাড়ানোর শর্তে জুন, ২০১৮ পর্যন্ত ১ (এক বছর মেয়াদ বৃদ্ধির জন্য সুপারিশ করা হলো;
 - ৩.২। ভবিষ্যতে Classification Society নির্মাতা প্রতিষ্ঠান কর্তৃক নিয়োগ করা যাবেনা। সংস্থা কর্তৃক Classification Society নিয়োগ করতে হবে। এ বিষয়ে সকল সংস্থাকে নির্দেশ প্রদান করা হবে।
 - ৩.৩। Bureau Veritas উক্ত প্রকল্পের কেন কাজ করতে পারেনি এবং নির্মাতা প্রতিষ্ঠান ও Bureau Veritas এর মধ্যে বিরোধ সম্পর্কিত প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে;
 - ৩.৪। প্রকল্প বাস্তবায়নে বিলম্বের যৌক্তিক কারণ সম্পর্কে প্রকল্প পরিচালক কি ব্যবস্থা গ্রহণ করেছে সে সম্পর্কে একটি প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মন্ত্রণালয়ে দাখিল করবে;
 - ৩.৫। সংস্থা এবং মন্ত্রণালয় হতে প্রকল্পের মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে;
- ০৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/৬


২৫/৬/১০>৭
অশোক মাধব রায়
সচিব
নৌ-পরিবহন মন্ত্রণালয়